

## মাদরাসা শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউটে বিষয়ভিত্তিক প্রশিক্ষণ কোর্স উদ্বোধন

প্রেস বিজ্ঞপ্তি : গতকাল (পনিবার) গাজীপুরস্থ দেশের একমাত্র মাদরাসা শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউটে মাদরাসা শিক্ষকদের দু' সপ্তাহ মেয়াদী বিষয়ভিত্তিক প্রশিক্ষণ কোর্স (ব্যবহারিক আরবী ভাষা ও গণিত)-এর ১ম ব্যাচের উদ্বোধনী অনুষ্ঠান হয়। প্রায় দেড় বছর পর এবারই প্রথম এ প্রশিক্ষণ কোর্স চালু হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ইসলামী বিশ্ববিদ্যালয় কুষ্টিয়ার ডাইস চ্যান্সেলর ডঃ মুহাম্মদ মোতাম্মিজুর রহমান ও বিশেষ অতিথি ছিলেন শিক্ষা মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব আঃ রশীদ খান। সভাপতিত্ব করেন বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান (ভারপ্রাপ্ত) ইউসুফ ফারুক। বক্তব্য রাখেন মাদরাসা শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউটের পরিচালক অধ্যাপক মাহবুবুর রহমান। অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন জামিয়াতুল মোদারেসীন বাংলাদেশের সেক্রেটারী জেনারেল মাওলানা আব্দুল লতিফ ও সহকারী সেক্রেটারী জেনারেল মাওলানা সাব্বির আহমেদ। প্রধান অতিথির বক্তব্যে ডঃ মোতাম্মিজুর রহমান বলেন, শিক্ষকদের বিষয়ভিত্তিক কোর্সের কোন বিকল্প নেই। শিক্ষকদের মান উন্নয়নের জন্য তাদেরকে ছাত্র উপযোগী করে পাঠদানের কলাকৌশল শিক্ষাদানের জন্য এ ধরনের প্রশিক্ষণ অপরিহার্য। শুধু এ ধরনের ১৫/২০ দিনব্যাপী প্রশিক্ষণ কোর্সই যথেষ্ট নয় বরং পেশাগত দক্ষতা বৃদ্ধির জন্য ১০ মাসের বিএমএড কোর্স এবং এমএমএড কোর্স হওয়া দরকার। এ প্রতিষ্ঠানটি সে স্বপ্নই প্রতিষ্ঠিত হয়েছে। কিন্তু দুর্ভাগ্য যে, এখনও পর্যন্ত তা চালু করা সম্ভব হয়নি। বর্তমান সরকার এদিকে গুরুত্ব দেবেন এবং শিগগিরই এখানে বিএমএড কোর্স চালু হবে বলে তিনি আশা প্রকাশ করেন।

সভাপতির ভাষণে বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ডের ভারপ্রাপ্ত চেয়ারম্যান বলেন, ব্যাপকভাবে প্রশিক্ষণ ছড়িয়ে দেয়া দরকার। দেড় শাখ মাদরাসা শিক্ষকদের মধ্য থেকে ১শ' ছান শিক্ষকের জন্য এ প্রশিক্ষণ আয়োজন সিদ্ধুর মাঝে বিস্তার অবস্থানের ন্যায়। মাদরাসা বোর্ড এ বছরে প্রশিক্ষণ খাতে সর্বোচ্চ ব্যয় বরাদ্দ রেখেছে বলে তিনি জানান।